

ঢাবির নতুন উপ-উপাচার্য হচ্ছেন ড. বিদিশা ও ড. ইসমাইল

ঢাবি প্রতিবেদক

২৬ আগস্ট ২০২৪, ১০:২১ পিএম



ড. সাইমা হক বিদিশা ও ড. মোহাম্মদ ইসমাইল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) নতুন উপ-উপাচার্য হিসেবে নিয়োগ পাচ্ছেন বিশ্ববিদ্যালয়টির অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. সাইমা হক বিদিশা এবং ফলিত রসায়ন ও রাসায়নিক প্রকৌশল বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ ইসমাইল।

আজ সোমবার শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন। ইতোমধ্যে এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন সম্মতি দিয়েছেন বলেও ওই সূত্র জানিয়েছে।

এদিকে, ঢাবির নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পাচ্ছেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক নিয়াজ আহমেদ খান। বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন এ বিষয়ে সম্মতি দিয়েছেন বলে জানা গেছে।

বর্তমানে বেসরকারি ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশের (আইইউবি) উপ-উপাচার্য হিসেবে দায়িত্ব পালন করছেন অধ্যাপক নিয়াজ আহমেদ খান।

অধ্যাপক নিয়াজ আহমেদ খান ইউনিভার্সিটি অব অক্সফোর্ড, ইউনিভার্সিটি অব ওয়েলস সোয়ানসি, এশিয়ান ইনস্টিটিউট অব টেকনোলজিতে উচ্চ শিক্ষাগ্রহণ ও গবেষণা করেছেন। তিনি দীর্ঘদিন ধরে বাংলাদেশ, থাইল্যান্ড ও যুক্তরাজ্যে অ্যাকাডেমিক ও কার্যকরি ডেভেলপমেন্ট ম্যানেজমেন্টের উন্নয়নে অবদান রেখে চলেছেন।